দৈনিক খবর

তারিখ 22 SEP 1988
পৃষ্ঠা 1 কলাম 2

044

# বেসরকারী বিদ্যালয়ের পাঠ্যবই ॥ সরকারের অনুমোদন লাগবে

১৯৮৯ শিক্ষা বর্ষ থেকে দেশের বিভিন্ন ইংরেজী মাধ্যম, কিণ্ডার গার্টেন ও বেসরকারী বিদ্যালয়গুলোর পাঠ্যসূচী এবং পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত সকল পুস্তক সরকারের পূর্ব অনুমোদন সাপেক্ষ হতে হবে। খবর তথ্য বিবরণী'র।

ইতিপূর্বে এসব শিক্ষা প্রতিষ্ঠানের পাঠ্যসূচী ও পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত বইগুলো পরীক্ষা করে অনুমোদন করার জন্য সরকার জাতীয় শিক্ষাক্রম ও টেকস্ট বুক বোর্ডের চেয়ারম্যানকে সভাপতি করে পাঁচ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করেন। কমিটি ইংরেজী মাধ্যম, কিণ্ডার গার্টেনসহ বেসরকারী স্কুলসমূহের বিভিন্ন শ্রেণীতে যে সকল পাঠ্যপুস্তক পড়ানো হয় তা সংগ্রহ ও পরীক্ষা করে নির্ধারিত পুস্তকসমূহের যে তালিকা প্রণয়ন ও

৭-এর পাতায় দেখুন

## বেসরকারী বিদ্যালয়ের

প্রথম পৃষ্ঠার পর

সুপারিশ পেশ করেন সরকার তা ইতিমধ্যেই অনুমোদন করেছেন। কমিটি আজ আনুষ্ঠানিকভাবে শিক্ষামন্ত্রীর নিকট রিপোর্ট পেশ করেন।

সরকার কর্তৃক অনুমোদিত পুস্তকসমূহের তালিকা ঢাকার মতিঝিলস্থ জাতীয় শিক্ষাক্রম ও টেকস্ট বুক বোর্ডের চেয়ারম্যানের নিকট থেকে সংগ্রহ করা যাবে। উল্লেখিত তালিকা বহির্ভূত কোন পুস্তক পড়াতে হলে পূর্বেই কমিটির অনুমোদন নিতে হবে।

কমিটির অনুমোদন ছাড়া কোন পুস্তক পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত করা হলে তা আইন অনুযায়ী দণ্ডনীয় হবে।